

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়  
তজুমদ্দিন, ভোলা।  
tazumuddin.bhola.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০৯৯১.০০০.১৯.০০১.১৮.৪৫০


তারিখ: ০৬/১০/২০১৯খ্রী:

## নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা তথা টিকা প্রদানের জন্য নির্ধারিত ইউনিয়নে (০১ এক) জন করে **ভলান্টিয়ার** **ভ্যাক্সিনেটর** নির্বাচন করা হবে। নিম্নোক্ত যোগ্যতার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট হইতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্য সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২২/১০/২০১৯খ্রী: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

### ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নির্বাচনের শর্তাবলী:

- সংশ্লিষ্ট উপজেলার ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনকারীর বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস হতে হবে।
- চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে না।
- প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ০৩ মাসব্যাপী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।



ডা. পলাশ সরকার, পিএএ  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
তজুমদ্দিন, ভোলা।

স্মারক নং- ৩৩.০১.০৯৯১.০০০.১৯.০০১.১৮.৪৫০ (৭)

তারিখ: ০৬/১০/২০১৯খ্রী:

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভোলা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা।
৪. উপজেলা কৃষি অফিসার, তজুমদ্দিন, ভোলা।
৫. উপজেলা মৎস্য অফিসার, তজুমদ্দিন, ভোলা।
৬. চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, তজুমদ্দিন, ভোলা।
৭. অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
তজুমদ্দিন, ভোলা।